# সাধারণ বীমা কর্পোরেশন

## SADHARAN BIMA CORPORATION

[ রাষ্ট্রীয়খাতে একমাত্র নন-লাইফ বীমা ও পুনঃবীমা প্রতিষ্ঠান ]

৩৩, দিলকুশা বা/এ, প্রধান কার্যালয়, ঢাকা।

**Website : www.sbc.gov.bd**

সূত্র নং-সাবীক/প্রশাঃ/প্রঃকাঃ/নিয়োগ বিজ্ঞপ্তি/২০১৮/ ২৬০৫ তারিখ ঃ ২৩-০৯-২০১৮

# নিয়োগ বিজ্ঞপ্তি

অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান সাধারণ বীমা কর্পোরেশন-এর কিছু সংখ্যক শূণ্য পদ পূরণের লক্ষ্যে আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত পদে ও বেতনস্কেলে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। উক্ত পদগুলোর জন্য আবশ্যকীয় যোগ্যতা ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে প্রদত্ত হলোঃ-

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল (২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ১. | সহকারী ব্যবস্থাপক | টাঃ ২২০০০-৫৩০৬০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা চার বছরের দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রী/সমমানের ডিগ্রী। কোন ক্ষেত্রে তৃতীয় বিভাগ/শ্রেণী বা সমমানের ফলাফল গ্রহণযোগ্য হবে না। তবে অর্থনীতি, গণিত, পরিসংখ্যান, ব্যবস্থাপনা, প্রশাসন ও বাণিজ্য ডিগ্রীধারী এবং কম্পিউটারে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ২. | জুনিয়র অফিসার | টাঃ ১৬০০০-৩৮৬৪০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। কোন ক্ষেত্রে তৃতীয় বিভাগ/শ্রেণী বা সমমানের ফলাফল গ্রহণযোগ্য হবে না। কম্পিউটারে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ৩. | উচ্চমান সহকারী | টাঃ ১১০০০-২৬,৫৯০ | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী। কম্পিউটারে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। |

আবেদনকারীদের জন্য শর্তাবলী ঃ

১. আগ্রহী প্রার্থীগণ'কে অবশ্যই নির্ধারিত ওয়েবসাইট http://sbc.teletalk.com.bd এ **Online Application Form** পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। প্রার্থী ফরম পূরণের নির্দেশিকা (সংশ্লিষ্ট ওয়েবসাইটে দেয়া আছে) মোতাবেক ফরম পূরণ করতে হবে।

২. আবেদনকারীর বয়সসীমা: ০১/০৮/২০১৮ ইং তারিখে বয়স সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/প্রতিবন্ধী কোটায় আবেদনকৃত প্রার্থীদের ক্ষেত্রে বয়স অনুর্দ্ধ ৩২ বছর (বয়স সম্পর্কিত কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

৩. আবেদনের সময়সীমা: **i) Online** এ আবেদনপত্র পুরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ৩০-০৯-২০১৮, সকাল: ১০.০০ ঘটিকা।
**ii) Online** এ আবেদনপত্র পুরণ ও পরীক্ষার ফি জমাদান শেষ তারিখ ২০-১০-২০১৮, সন্ধ্যা: ০৬.০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ক) সহকারী ব্যবস্থাপক পদের ক্ষেত্রে টাঃ ৫০০/-, খ) জুনিয়র অফিসার পদের ক্ষেত্রে টাঃ ৪০০/- এবং গ) উচ্চমান সহকারী পদের ক্ষেত্রে টাঃ ৩০০/- টাকা জমা দিতে হবে।

৪. Online আবেদনপত্রে প্রার্থীকে তার স্বাক্ষর (৩০০×৮০ **Pixel, Size Max 60 KB**) ও রঙিন ছবি (৩০০×৩০০ **Pixel, Size Max 100 KB**) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে।

৫. Online আবেদনপত্রে পুরণকৃত সকল তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু আবেদন Submit করার পূর্বেই পুরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

৬. প্রার্থী Online-এ পুরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

৭. **SMS** প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটার স্ক্রিনে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রিপেইড মোবাইলের মাধ্যমে ০২(দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ প্রতিটি পদের জন্য নির্ধারিত টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা প্রদান করতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহিত হবে না।

প্রথম **SMS** : SBC<space> User ID লিখে 16222 এই নম্বরে send করতে হবে।
দ্বিতীয় **SMS** : SBC<space>YES<space>PIN লিখে 16222 এই নম্বরে send করতে হবে।

৮. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://sbc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে।

Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

৯. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

১০. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে SBC<space> <Help> <space> < User > <space> <User ID & send to 16222
Example : SBC Help User ABCDEF & send to 16222

ii) PIN Number জানা থাকলে SBC<space> <Help> <space> <PIN> <space> < PIN No. & send to 16222
Example : SBC Help PIN 12345678 & send to 16222

১১. SBC নিয়োগ পরীক্ষা-২০১৮-এর বিজ্ঞপ্তি, Online-এ আবেদনপত্র পুরণের নিয়মাবলী, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি আবেদন সংশ্লিষ্ট ওয়েবসাইট http://sbc.teletalk.com.bd ও কর্পোরেশনের নিজস্ব ওয়েবসাইট http://**www.sbc.gov.bd** এ পাওয়া যাবে।

১২. প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবেনা। পরবর্তীতে লিখিত পরীক্ষার পর কেবলমাত্র উত্তীর্ণ প্রার্থীদের সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদের কপি, জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদ-এর কপি, মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকৃতদের সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্রের কপি, মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক সম্বলিত প্রত্যয়ন ও অন্যান্য আনুষাঙ্গিক কাগজপত্র **Online**-এ আবেদনের প্রিন্ট কপি (Applicant's Copy) সহ প্রশাসন বিভাগ, সাধারণ বীমা কর্পোরেশন, প্রধান কার্যালয়, ৩৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০ এই ঠিকানায় প্রেরণ করতে হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। এ সংক্রান্ত নির্দেশনা পরবর্তীতে পত্রিকায়, কর্পোরেশনের নিজস্ব ও আবেদন সংশ্লিষ্ট ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

১৩. চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করে আবেদন করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে দলিলাদি দাখিলের সময় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংশ্লিষ্ট কাগজপত্র প্রেরণ করতে হবে।

অন্যান্য শর্তাবলী ঃ

নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক এ বিষয়ে জারীকৃত সকল নীতিমালা/কোটা অনুসরণ করা হবে। পরীক্ষার উদ্দেশ্যে যাতায়াতের জন্য কর্পোরেশন কোন প্রকার খরচ বহন করবে না। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন আবেদনপত্র বাতিল করার কিংবা নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন, আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২৬.৯.১৮